গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর
বিদুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
২৫, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.ocei.gov.bd

# প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কার্যক্রমের উপর প্রতিবেদন

## ১। ভূমিকাঃ

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর বিদ্যুৎ বিভাগের সংযুক্ত একটি সরকারি দপ্তর। ১৯১০ সালের ইলেকট্রিসিটি এ্যাক্টের ৩৬ ধারা ও ১৯৩৭ সালের ইলেকট্রিসিটি রুলস এর বিধি ৪-১০ অনুসরণে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ এবং ব্যবহারের প্রতিটি ক্ষেত্রে সুষ্ঠুভাবে নিয়ন্ত্রণ, জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক এর দপ্তরটি সৃষ্টি করা হয়। পরবর্তীতে উক্ত দপ্তরের কার্যাবলী গুরুত্ব বিবেচনায় বিদ্যুৎ আইন, ২০১৮ এর ৩১ ধারা অনুসরণে দপ্তরের নাম সংশোধন পূর্বক প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর নামকরণ করা হয়। শিল্প, কল-কারখানাসহ সকল অতি উচ্চ, উচ্চ ও মধ্যম চাপের নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনা পরিদর্শন এবং পরীক্ষা-নিরীক্ষান্তে বিদ্যুৎ সংযোগের অনুমোদন প্রদান করা এ দপ্তরের অন্যতম কাজ। অপরদিকে বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড বিধিমালা, ২০২২ মোতাবেক বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করতঃ বৈদ্যুতিক কাজে পেশাজ্ঞান সম্পন্ন উপযুক্ত ঠিকাদার, প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ানগণকে চিহ্নিতপূর্বক তাদেরকে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার লাইসেন্স ও ইলেকট্রিশিয়ান লাইসেন্স প্রদান করা হয়ে থাকে। পাশাপাশি এ দপ্তর পরিদর্শন ও লাইসেন্সিং কার্যক্রম সম্পন্ন করে সরকারের কর ব্যতীত রাজস্ব (Non-tax Revenue) আদায় করে থাকে।

### ১.১। রূপকল্প

বিদ্যুৎ সঞ্চালণ, বিতরণ, সরবরাহ ও ব্যবহারের প্রতিটি ক্ষেত্রে জনজীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরাপদ বিদ্যুৎ ব্যবহার নিশ্চিত করা।

### ১.২। অভিলক্ষ্য

জন নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে ৫০ কিঃ ওঃ বা তদুর্ধ্ব ক্ষমতা সম্পন্ন সকল উচ্চ ও মধ্যম চাপের নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনা পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষান্তে বিদ্যুৎ সংযোগের অনুমোদন প্রদানের পাশাপাশি বৈদ্যুতিক কাজে পেশাজ্ঞান সম্পন্ন উপযুক্ত ঠিকাদার, প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ানগণকে চিহ্নিতপূর্বক তাঁদের অনুকুলে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার লাইসেন্স ও ইলেকট্রিশিয়ান লাইসেন্স ইস্যুকরণ।

### ১.৩ । কৌশলগত উদ্দেশ্যসমূহ

(ক) নিরাপদ বিদ্যুৎ ব্যবহার নিশ্চিত করা।

(খ) দক্ষ কারিগরি জ্ঞান সম্পন্ন জনশক্তি চিহ্নিত করণ ও লাইসেন্স প্রদান।

(গ) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা।

## ২। দপ্তরের প্রধান কার্যাবলীঃ

ক) গ্রাহকের ৫০ কিলোওয়াট বা তদুর্ধ্ব বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে মধ্যম, উচ্চ ও অতি উচ্চ চাপের নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র ও স্থাপনাসমূহ পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষান্তে জানমালের নিরাপত্তা নিশ্চিত করতঃ উপকেন্দ্র চালুর অনুমোদন প্রদান করা এবং প্রতি ২ (দুই) বছর অন্তর অন্তর পরিদর্শনপূর্বক অনুমোদন নবায়ন করা;

খ) এ দপ্তরের অধীনে বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করতঃ বৈদ্যুতিক কাজে পেশাজ্ঞান সম্পন্ন উপযুক্ত ঠিকাদার, প্রকৌশলী ও ইলেকট্রিশিয়ানগণকে চিহ্নিতপূর্বক তাদেরকে যথাক্রমে বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স, সুপারভাইজার লাইসেন্স ও ইলেকট্রিশিয়ান লাইসেন্স প্রদান করা হয়ে থাকে এবং উক্ত লাইসেন্সসমূহ প্রতিবছর নবায়নপূর্বক তথ্যসমূহ সংরক্ষণ করা;

গ) বিদ্যুৎ আইন, ২০১৮ এর ২৯ ধারা মোতাবেক বৈদ্যুতিক দূর্ঘটনার বিষয়ে বিদ্যুৎ বিতরণকারী সংস্থার রিপোর্টের উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

ঘ) গ্রাহকের ৫০ কিলোওয়াট বা তদুর্দ্ধ ক্ষমতার বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে ভবন নির্মাণের পূর্বে ভবনের অভ্যন্তরীণ ওয়্যারিং ডায়াগ্রামসহ সেফটি প্ল্যান পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অনুমোদন প্রদান করা;

ঙ) বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি (ট্রান্সফরমার, এইচটি সুইচগিয়ার, এলটি সুইচগিয়ার, পিএফআই প্ল্যান্ট) প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক অনুমোদন প্রদান করা;

চ) ট্রান্সফরমার তৈল পরীক্ষাকারী প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক অনুমোদন প্রদান করা;

ছ) উল্লিখিত কার্যাবলী সম্পাদনের মাধ্যমে সরকারের কর ব্যতিত রাজস্ব আয় করা।

## ৩। সাংগঠনিক কাঠামোঃ

১৯৪৭ সালে ১১ (এগার) টি পদ সৃজনের মাধ্যমে এ দপ্তরের কার্যক্রম শুরু হয়। এনাম কমিটি কর্তৃক সুপারিশকৃত ও অনুমোদিত সাংগঠনিক কাঠামোর আওতায় অত্র দপ্তরে ৮ জন কর্মকর্তা ও ২৫ জন কর্মচারী সহ মোট ৩৩ টি পদ রয়েছে। সেবার মান অধিকতর উন্নয়ন ও দ্রুততরকরণের লক্ষ্যে ও সরকারের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে নতুন আরও ১২(বার) টি পদ মে, ২০১৪ ইং সালে চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। এছাড়া ২০২১ সালে নবসৃষ্ট ৬৯টি পদ সহ বর্তমানে অত্র দপ্তরে নতুন অর্গানোগ্রাম অনুযায়ী জনবল বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে মোট ১১৪ (একশত চৌদ্দ) জন। তন্মধ্যে ৫৪ জন কর্মকর্তা এবং ৬০ জন কর্মচারী অন্তর্ভূক্ত আছেন। আশা করা যায় সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ২০২৪-২০২৫ অর্থবছরের মধ্যে আরও ০৬ টি বিভাগীয় অফিস স্থাপনসহ ১১৪ জনবলের শক্তিশালী আধুনিক অফিস স্থাপন করা সম্ভব হবে। ইতোমধ্যে চট্টগ্রামে বিভাগীয় অফিস স্থাপন করা হয়েছে। অত্র দপ্তরের সংশোধিত জনবল কাঠামো সংক্ষিপ্তভাবে নিম্নে দেয়া হলোঃ

| | |
|---|---|
| ১ম শ্রেণির কর্মকর্তা (গ্রেড ৩-৯) | ২৭ জন |
| ২য় শ্রেণির কর্মকর্তা (গ্রেড ১০) | ২৭ জন |
| ৩য় শ্রেণির কর্মচারী (গ্রেড ১২-১৬) | ৪৪ জন |
| ৪র্থ শ্রেণির কর্মচারী (গ্রেড ২০) | ১৬ জন |
| মোট | ১১৪ জন |

## ৪। বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড বিধিমালা ২০২২, মোতাবেক নিম্নে বর্ণিত ১২ (বার) জন সদস্য নিয়ে বিদ্যুৎ লাইসেন্স বোর্ড গঠিত হয়। উক্ত বোর্ড কর্তৃক প্রকৌশলী, বৈদ্যুতিক ঠিকাদার ও ইলেকট্রিশিয়ানদেরকে পরীক্ষা গ্রহণের মাধ্যমে যথাক্রমে বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স, বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স ও ইলেকট্রিশিয়ানদের লাইসেন্স প্রদান করা হয়। উক্ত লাইসেন্সসমূহ প্রতি বছর ইস্যু ও নবায়ন করে বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক সরকারের কর ব্যতীত রাজস্ব আয় (Non-Tax Revenue) উপার্জন করে থাকে।

### বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ডের সদস্য পরিচিতিঃ

| | | |
|---|---|---|
| ১। | আবুল খায়ের মোঃ আক্কাস আলী (অতিরিক্ত সচিব), প্রধান বিদ্যুৎ পরিদর্শক। | চেয়ারম্যান |
| ২। | মোঃ জাহিদুল ইসলাম, যুগ্ম-সচিব, বিদ্যুৎ বিভাগ, ঢাকা। | সদস্য |
| ৩। | অরুন কুমার মন্ডল, যুগ্ম-সচিব, বিদ্যুগ বিভাগ, ঢাকা। | সদস্য |
| ৪। | আশ্রাফুল হক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ইএম এন্ড পি এন্ড ডি জোন, সেগুন বাগিচা, গণপূর্ত ভবন, ঢাকা। | সদস্য |
| ৫। | বিএ-৬১৮৩ লেঃ কর্ণেল এ এ এম শিহাব বিন মেহের, ইএমই পরিদপ্তর, ঢাকা সেনানিবাস। | সদস্য |
| ৬। | ইয়াসির আরাফাত, সহযোগী অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, বুয়েট, ঢাকা। | সদস্য |
| ৭। | মোঃ শহীদুল ইসলাম, পরিচালক (তঃপ্রঃ), নক্সা ও পরিদর্শন-২, বিউবো, ঢাকা। | সদস্য |
| ৮। | প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ, পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৯। | মোঃ শফিকুর রহমান, প্রধান প্রকৌশলী (প্রকল্প), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা। | সদস্য |
| ১০। | মোঃ সুলতান আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড সার্কেল, ঢাকা (দক্ষিণ) পিজিসিবি, ঢাকা। | সদস্য |
| ১১। | মোহাম্মদ ফয়জুর রহমান ভুঁইয়া,পরিচালক, এফবিসিসিআই, ঢাকা | সদস্য |
| ১২। | মোঃ আতোয়ার রহমান মোল্লা, সিনিয়র বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ঢাকা। | সদস্য সচিব |

## ৫। সেবাভিত্তিক সাফল্যঃ

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর কর্তৃক রেগুলেটরী কার্যক্রম সম্পন্ন করে গত ২০২০-২১, ২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে সেবা প্রদানের অগ্রগতি নিম্নবর্ণিত ছকে দেখানো হলো:

| ক্রমিক নং | কার্যক্রম | ২০২০-২১ অর্থবছর | ২০২১-২২ অর্থবছর | ২০২২-২৩ অর্থবছর | ২০২৩-২৪ অর্থবছর |
|---|---|---|---|---|---|
| ১। | বৈদ্যুতিক উপকেন্দ্র চালুর অনুমোদন জারি | ৩৩৪০ | ৩১৬৫ | ৩৭৭১ | ৩৩৫৮ |
| ২। | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স জারি | ৬২৮ | ১০০৪ | ১৪৫৮ | ১১৬৯ |
| ৩। | বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স জারি | ১৪৩৯ | ২৩২৮ | ৩৬০৮ | ১৮৯৯ |
| ৪। | ইলেকট্রিশিয়ান লাইসেন্স জারি | ৮৫২৬ | ১০০৩৭ | ১২৪৬১ | ৮৫৭৩ |
| ৫। | বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স নবায়ন | ৫০৪১ | ৫৮৪৬ | ৬২২৬ | ৬৮০৮ |
| ৬। | বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স নবায়ন | ৬৫৯২ | ৭৬৮৮ | ৭৬৯৬ | ৯১২২ |
| ৭। | ইলেকট্রিশিয়ান লাইসেন্স নবায়ন | ১১৬৯১ | ১০১১৯ | ১২২৬৪ | ১১৮৭৫ |
| ০৮ | বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জামাদি প্রস্তুতকারী প্রতিষ্ঠানের অনুমোদন | – | – | – | ৮৭ |
| ০৯ | ওয়ারিংসহ সেফটি প্ল্যান অনুমোদন | – | – | – | ২৭ |
| ১০ | বৈদ্যুতিক উপকেন্দ্র অনুমোদন | – | – | – | ৩৩৫৮ |
| ১১ | বৈদ্যুতিক উপকেন্দ্র অনুমোদনপত্র নবায়ন | – | – | – | ৫০ |
| ১২ | শপিংমল বিপনি বিতান পরিদর্শন | – | – | – | ৪৪ |

## ৬। আর্থিক অর্জন ঃ

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা মোতাবেক প্রতিবছরই রাজস্ব (Non-tax Revenue) আয় করে আসছে। বিগত ৪ (চার) বছরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ও প্রকৃত রাজস্ব আয়ের বিবরণী নিচের ছকে দেয়া হলো।

| ক্রমিক নং | অর্থ বছর | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা | প্রকৃত রাজস্ব আয় | লক্ষ্যমাত্রা অপেক্ষা অধিক আয়ের পরিমান |
|---|---|---|---|---|
| ১। | ২০২০-২১ | ১১,০০,০০০০০.০০ | ১১,১৬,৭০,০০০.০০ | (+) ১৬,৭০,০০০.০০ |
| ২। | ২০২১-২২ | ১১,০০,০০০০০০.০০ | ১৩,৩৭,১৬,০০০.০০ | (+) ২,০৬,১৬,০০০.০০ |
| ৩। | ২০২২-২৩ | ১২,০০,০০০০০০.০০ | ১৩,৩৯,১৭০০০.০০/- | (+) ১,৩৯,১৭,০০০.০০ |
| ৪। | ২০২৩-২৪ | ১২,৫১,০০০০০০.০০ | ১৪,৭৯,৯৩০০০.০০/- | (+) ২,২৮,৯৩,০০০.০০ |

## ৭। প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের ডিজিটালাইজেশন:

২০২০-২১ অর্থ বছরে প্রধান বিদ্যুৎ পরিদর্শক দপ্তরের সকল কার্যক্রম ডিজিটালাইজেশন করা হয়েছে এর ফলে অনলাইন ও অফলাইন ডিজিটাল সিস্টেম ব্যবহার করে ন্যুনতম জনবলের মাধ্যমে এ দপ্তরের কাজ সমূহ দক্ষতার সাথে সম্পাদন, গ্রাহকদেরকে উত্তম সেবা প্রদান করা সম্ভব হচ্ছে।

ডিজিটাল সেবার মাধ্যমে নিম্নোক্ত সুফল পাওয়া যাচ্ছে:

- উপকেন্দ্র পরিদর্শন কার্যক্রম করার জন্য আধুনিক ইন্সপেকশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার এর মাধ্যমে অন লাইনে আবেদন গ্রহণ, পরিদর্শন রিপোর্ট এবং অনুমোদন প্রদান করা হচ্ছে;
- বিদ্যুৎ লাইসেন্সিং এবং পরিদর্শন কার্যক্রম দ্রুত ও দক্ষতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে ওয়েবভিত্তিক সফটওয়্যার ডেভলপমেন্ট পরিচালনা করছে প্রতিষ্ঠানটি;
- লাইসেন্স প্রাপ্ত প্রকৌশলী এবং ইলেকট্রিশিয়ানদের আধুনিক চিপ সম্বলিত স্মার্ট কার্ড দেয়া হচ্ছে;

  প্রতিষ্টানের পুরনো সব নথি বা ডকুমেন্ট ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা হয়েছে;
- লাইসেন্স নবায়ন কার্যক্রম অটোমেশনের ফলে গ্রাহক ঘরে বসেই অনলাইনের মাধ্যমে লাইসেন্স নবায়ন করে হাতে পেয়ে যাচ্ছেন;
- প্রশাসনিক পিএমআইএস এবং আর্থিক সবধরনের কার্যক্রমকে একটি সুরক্ষিত ডাটাবেইজে সংরক্ষণ করা হচ্ছে;
- ডিজিটালাইজেশন বা ওয়েবভিত্তিক ডাটাবেস এর মাধ্যমে গ্রাহকদের দ্রুত সেবা প্রদান নিশ্চিত করার ফলে সরকারের নন-ট্যাক্স রাজস্ব বৃদ্ধি পেয়েছে;
- ইলেকট্রিশিয়ান অ্যাপস তৈরির ফলে জনগন অ্যাপস ব্যবহার করে নিকটস্থ ইলেকট্রিশিয়ান এর তাৎক্ষনিক সেবা পেয়ে থাকে।
- লাইসেন্স ফি ক্যালকুলেটর ব্যবহার করে সেবা প্রত্যাশীগণ অতি সহজেই বিভিন্ন শ্রেণীর লাইসেন্সের আবেদন ও নবায়ন ফি সম্পর্কে অবগত হচ্ছেন।
- সরকারী বে-সরকারী প্রতিষ্ঠানের বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদনপত্র ও বিভিন্ন প্রকারের লাইসেন্স অনলাইনের মাধ্যমে যাচাই করে সঠিকতা নিশ্চিত করতে পারছেন।

## ৮। দেশের সার্বিক বিদ্যুৎ ব্যবস্থাপনায় এ দপ্তরের ভূমিকাঃ

আবাসিক, বাণিজ্যিক বা শিল্প কারখানায় বিদ্যুৎ ব্যবহারের জন্য মধ্যম, উচ্চ ও অতি উচ্চ চাপের নতুন বৈদ্যুতিক স্থাপনায় ট্রান্সফরমার, এইচটি সুইচগিয়ার, এলটি সুইচগিয়ার, পি এফ আই প্লান্ট, আর্থিং ইত্যাদি সরেজমিনে পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা করে উপকেন্দ্র চালু করার অনুমোদন প্রদানের ফলে উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে বৈদ্যুতিক দূর্ঘটনাসহ নিরাপত্তা নিশ্চিত করা হয়। এছাড়াও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর কর্তৃক অনুমোদনকৃত প্রতিটি বৈদ্যুতিক স্থাপনা প্রতি দুই বছর অন্তর পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা করার ফলে বৈদ্যুতিক দূর্ঘটনার ঝুঁকি কমে যাওয়ায় জীবন ও সম্পদের ক্ষতির আশংকা অনেকটাই হ্রাস পেয়েছে। ভবনের বৈদ্যুতিক অভ্যন্তরীণ ওয়্যারিং ডায়াগ্রাম, সার্কিট ডায়াগ্রামসহ সেফটি প্লান এ দপ্তর কর্তৃক যথাযথ ভাবে যাচাই-বাছাই করে সেফটি প্লান অনুমোদন করার ফলে সমগ্র বাংলাদেশে একই স্ট্যান্ডার্স অনুসরণ করে বৈদ্যুতিক ওয়্যারিং সম্পন্ন করা হচ্ছে।

বৈদ্যুতিক উপকেন্দ্র সরঞ্জমাদি প্রস্তুতকারী প্রতিষ্ঠানের উৎপাদিত সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ট্রান্সফরমার প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে এবং ট্রান্সফরমার তৈল পরীক্ষাকারী প্রতিষ্ঠানের তৈল পরীক্ষা করার মেশিনারির অনুমোদন প্রদান করার ফলে ট্রান্সফরমারের লস কম হচ্ছে, গ্রাহক উপকৃত হচ্ছে এবং বিদ্যুৎ বিতরণকারী সংস্থা ও এর সুফল পাচ্ছে। যার ফলে বিদ্যুৎ বিভ্রাট অনেক কম হচ্ছে। বৈদ্যুতিক অনাকাংক্ষিত দূর্ঘটনার সরেজমিনে পরিদর্শনের ফলে দূর্ঘটনার প্রকৃত কারণ উদঘাটন, উহার প্রতিকার ও দূর্ঘটনা যাতে না ঘটে তার জন্য সচেতনতা মূলক পরামর্শ বা মতামত প্রদান করা হয়ে থাকে। বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক সার্টিফাইড ইলেকট্রিশিয়ান, বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্সধারী প্রকৌশলী, লাইসেন্সধারী বৈদ্যুতিক ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে বৈদ্যুতিক স্থাপনার কাজ ও রক্ষণাবেক্ষণের ফলে বৈদুতিক দূর্ঘটনা অনেকাংশে হ্রাস পেয়েছে এবং নিরাপত্তা ঝুঁকি পরিহার করা সম্ভব হচ্ছে।

এ ছাড়াও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর অন্যান্য সরকারি দপ্তরের সঙ্গে নিম্ন বর্ণিত কার্যাবলী সম্পাদন করে দেশের সার্বিক বিদ্যুৎ ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) আইন, ২০১৮ ও বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) মোতাবেক ৭ কার্য দিবসের মধ্যে উচ্চ চাপ গ্রাহকের বিদ্যুৎ সংযোগের অনুমোদন প্রদান করা। প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুশাসনের প্রেক্ষিতে শিল্প কলকারখানা সমূহের অবকাঠামোগত এবং অগ্নি-দূর্ঘটনা ও অন্যান্য দূর্ঘটনা নিরোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নেতৃত্বে সকল সরকারি-বেসরকারি সংস্থ ও সংগঠনের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটির সুপারিশক্রমে সমন্বিত পরিদর্শন টিম গঠন করে। উক্ত পরিদর্শন টিমে এ দপ্তরের পরিদর্শন কর্মকর্তাগণ শিল্প কারখানা ও বাণিজ্যিক ভবনসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক বিদ্যমান অবস্থা পর্যালোচনা এবং করণীয় নির্ধারনে সক্রিয় ভূমিকা পালন করে আসছে।

শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের রেমিডিয়েশন কো-অর্ডিনেশন সেল (আরসিসি) এর সাথে বুয়েট ও এ দপ্তরের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক কলকারখানার ইলেকট্রিক্যাল সেফটি প্ল্যান অনুমোদন করা। বিএসটিআই এর বিভিন্ন বিভাগীয় কমিটিতে এ দপ্তরের বিদ্যুৎ পরিদর্শকগণ বৈদ্যুতিক সরঞ্জামাদির বিডিএস মান নিয়ন্ত্রণে সক্রিয় ভূমিকা পালন করে থাকে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালকের নেতৃত্বে বিভিন্ন মন্ত্রণালয়, সংস্থার এবং বিভাগের প্রতিনিধি সমন্বয়ে গঠিত উচ্চ পর্যায়ের কমিটির প্রতিনিধি হিসেবে অত্র দপ্তরের বিদ্যুৎ পরিদর্শকগণ অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপন ও অগ্নি নিরাপত্তা ব্যবস্থা, বিদ্যুৎ ব্যবস্থা সরেজমিনে পরিদর্শনপূর্বক বৈদ্যুতিক নিরাপত্তাসহ অগ্নি নিরাপত্তা বিষয়ে পরামর্শ প্রদান করে আসছে।

প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের মৌলিক দায়িত্ব হচ্ছে সমগ্র বাংলাদেশে বিদ্যুৎ আইন, ২০১৮ এর লক্ষ্য বাস্তবায়ন ও উক্ত আইনের আওতায় প্রণীত বিদ্যুৎ বিধিমালা, ২০২০ এর বিধিসমূহ এবং বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড বিধিমালা, ২০২২ এর বিধির যথাযথ প্রয়োগ নিশ্চিত করতঃ বাংলাদেশের বিদ্যুৎ সেক্টরের রেগুলেটরি কার্যক্রম সম্পন্ন করে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

## ৯। সমস্যাঃ

১। জনবল সংখ্যা অপ্রতুল হওয়ায় পরিদর্শন কাজে বিঘ্ন।

২। পরিদর্শন যানবাহন না থাকায় পরিদর্শন কাজে বিঘ্ন।

৩। সকল বিভাগীয় পর্যায়ে অফিস না থাকা।

## ১০। চ্যালেঞ্জঃ

১। এ দপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প গ্রহণ ও জনবল বৃদ্ধি করা;

২। সকল বিভাগীয় শহরে এ দপ্তরের অফিস স্থাপন করা;

৩। অফিসিয়াল সমস্ত কার্যক্রম অনলাইন ভিত্তিক বাস্তবায়ন করা;

৪। পেপারলেস অফিস কার্যক্রম চলমান রাখা;

৫। প্রধান বিদ্যুৎ পরিদর্শক দপ্তরের অফিস এর ভবনটি বহুতল ভবনে রুপান্তর করা;

## ১১। ভবিষ্যৎ পরিকল্পনাঃ

২০২৫ সালের মধ্যে এ দপ্তরের প্রধান কার্যালয়সহ বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপন করা; এ দপ্তরের জনবল বৃদ্ধিকরণ; পরিদর্শন যানবাহন ক্রয়ের উদ্যোগ গ্রহণ; সমস্ত সেবা কার্যক্রম ডিজিটালাইজের মাধ্যমে দোরগোড়ায় পৌঁছে দেয়া; বিদ্যুৎ খাতে দক্ষ জনশক্তি চিহ্নিত করে লাইসেন্স প্রদান; হাই ভোল্টেজ টেস্টিং ল্যাব স্থাপনসহ দপ্তরের সকল কার্যক্রম ডাটাবেইজে রুপান্তর করে স্থায়ীভাবে ডাটা/রেকর্ড সংরক্ষণ করা হয়েছে। রাজস্ব অর্জন ২৫ কোটিতে উন্নিত করা; প্রত্যেক ইলেকট্রিশিয়ান এবং বৈদ্যুতিক সুপারভাইজার লাইসেন্স প্রাপ্ত প্রকৌশলীদের চিপ সম্বলিত স্মার্ট কার্ড লাইসেন্স প্রদান করা।

৩০.৭.২৪

(আবুল খায়ের মোঃ আক্কাস আলী)
অতিরিক্ত সচিব
প্রধান বিদ্যুৎ পরিদর্শক
ফোনঃ ৫৮৩১৫২১১
ই-মেইলঃ eadvisor@pd.gov.bd



*বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং অনুষ্ঠানে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের স্মার্ট লাইসেন্স কার্ড প্রদান পদ্ধতি পরিদর্শন করছেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব ও মন্ত্রী পরিষদ বিভাগের অতিরিক্ত সচিব এবং অন্যান্য সিনিয়র কর্মকর্তাবৃন্দ।*

*তারিখঃ ১৯ মে ২০২৪ খ্রি.*




*বিদ্যুৎ বিভাগে আয়োজিত জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান বিদ্যুৎ পরিদর্শককে শুদ্ধাচার পুরস্কার প্রদান করছেন বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব। তারিখ: ৩০ অক্টোবর ২০২৪ খ্রি*



প্রধান বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক চট্টগ্রামের নাসিরাবাদ অবস্থিত সেনা কল্যাণ ইলেকট্রিক ইন্ডাস্ট্রিজ পরিদর্শন।

তারিখ: ২১ জানুয়ারি ২০২৪ খ্রি.



প্রধান বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক চট্টগ্রামের উত্তর পতেঙ্গায় অবস্থিত ট্রান্সফরমার প্রস্তুতকারী প্রতিষ্ঠান জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিমিটেড পরিদর্শন। তারিখঃ ২৭ জানুয়ারি ২০২৪ খ্রি.




প্রধান বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক ঢাকাস্থ ধামরাই এ অবস্থিত ট্রান্সফরমার প্রস্তুতকারী প্রতিষ্ঠান এক্সন ইঞ্জিনিয়ারিং লিমিটেড পরিদর্শন।
তারিখ: ২৪ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি.



প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর এর পরিদর্শন কর্মকর্তা কর্তৃক ঢাকাস্থ গুলশান সার্কেল-১ এ অবস্থিত পলমল গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ১২৫০ কেভিএ উপকেন্দ্র পরিদর্শন। তারিখ: ০৭ নভেম্বর ২০২৩ খ্রি.